গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা
(সংস্থাপন শাখা )
www.rangamati.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.৮৪০০.২০২.০৩.০০২.২৪- ৪৫২

তারিখ: ১৪ কার্তিক ১৪৩১ / ৩০ অক্টোবর ২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখা এর ০৮ জুলাই ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০২০.১৫-৯৩ নম্বর স্মারক, ০৮ অক্টোবর ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০২০.১৫.১১২ নম্বর স্মারক, ১৪ অক্টোবর ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০২০. ১৫.১১৩ নম্বর স্মারক এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম এর ০৩ অক্টোবর ২০২৪ খ্রি. তারিখের ০৫.৪২.০০০০.০০৩.০৩.০১২ .১৬.১০০ নম্বর স্মারক এবং ৩০ অক্টোবর ২০২৪ খ্রি. তারিখের ০৫.৪২.০০০০.০০৩.০৩.০১২.২৪.১১৩ নম্বর স্মারক পরিপ্রেক্ষিতে জেলাপ্রশাসকের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ রাঙ্গামাটি পার্বত্য জেলা এবং সার্কিট হাউজ, রাঙ্গামাটি পার্বত্য জেলার জন্য নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের নিমিত্ত রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে http://dcrangamati.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম, বেতন স্কেল ( জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা (টি) | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| **জেলাপ্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ, রাঙ্গামাটি পার্বত্য জেলা** | | | | |
| ১. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬, ৯৩০০-২২,৪৯০/- | ০৮ (আট) | ৩০ বছর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>(গ) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এর তপশিল-২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২. | সার্টিফিকেট সহকারী<br>গ্রেড-১৬, ৯৩০০-২২,৪৯০/- | ০২ (দুই) | ৩০ বছর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>(গ) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এর তপশিল-২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩. | হিসাব সহকারী<br>গ্রেড-১৬, ৯৩০০-২২,৪৯০/- | ০৮ (আট) | ৩০ বছর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>(গ) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এর তপশিল-২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪. | অফিস সহায়ক<br>গ্রেড-২০, ৮২৫০-২০০১০/- | ১৮ (আঠার) | ১৮-৩০ বছর | (ক) স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ |
| **সার্কিট হাউজ, রাঙ্গামাটি পার্বত্য জেলা** | | | | |
| ৫. | বেয়ারার<br>গ্রেড-২০, ৮২৫০-২০০১০/- | ০১ (এক) | ১৮-৩০ বছর | (ক) স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. ২৫.১১.২০২৪ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৪ নম্বর কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। শুধু বীর মুক্তিযোদ্ধা / শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

৩. এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণে জেলাপ্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের "কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০" অনুসরণ করা হবে। এছাড়া একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন;

৪. সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে;

৫. নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধান সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

৬. কেবলমাত্র উপযুক্ত এবং ত্রুটিমুক্ত আবেদনকারীদেরকে লিখিত পরীক্ষায় ডাকা হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

৭. অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, সার্টিফিকেট সহকারী ও হিসাব সহকারী পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন;

৮. ৪ ও ৫ নং ক্রমিকের আবেদনকারীদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন;

৯. জেলাপ্রশাসক / সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদপত্র;

১০. অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণযোগ্য হবে না;

১১. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন ;

১২. নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১৩. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dcrangamati.teletalk.com.bd এই ওয়েবসাইটে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ০৭.১১.২০২৪ খ্রি., সকাল ০৯:০০ টা

ii. অনলাইনে আবেদনপত্র জমাদান শেষ তারিখ ও সময় : ২৫.১১.২০২৪ খ্রি. বিকাল ০৪:০০ টা। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি ( দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্ব্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়ামাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায়

আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য এবং স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১, ২ ও ৩ নম্বর পদের জন্য ২০০/- ( দুইশত ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩/- টাকাসহ মোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা এবং ৪ ও ৫ নম্বর পদের জন্য ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online - এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS:** DCRANGAMATI<space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: **DCRANGAMATI ABCDEF** & send to 16222

Reply :Applicant's Name, Tk,112 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type **DCrangamati Yes PIN** and send to 16222.

**দ্বিতীয় SMS:** DCRANGAMATI<space>Yes<space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে Example: **DCRANGAMATI Yes 12345678** & send to 16222

Reply : Congratulations Applicant's Name, payment completed successfully for DCrangamati Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

চ. **প্রবেশপত্রঃ** প্রাপ্তির বিষয়টি http://dcrangamati.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User IDএবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: **DCRANGAMATI**<space>**Help**<space>**User**<space>**User ID**& send to 16222
Example: **DCRANGAMATI Help User ABCDEF** & send to 16222

ii. PIN Number জানা থাকলে: **DCRANGAMATI**<space>**Help**<space>**PIN**<space>**PIN No**& send to 16222
Example: **DCRANGAMATI Help PIN 1234567** & send to 16222

১৪. প্রার্থীর যোগ্যতা যাচাই:

ক। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(১) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতা সনদপত্র ( প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ);

(২) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভার বাসিন্দা, সে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র;

(৩) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি;

(৪) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক ও পৌরসভার মেয়র/প্রশাসক বা কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার নাম এবং মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার পুত্র/কন্যার নাম সুস্পষ্টভাবে সনদে উল্লেখ থাকতে হবে;

(৫) শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(৬) প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(৭) জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ ( প্রযোজ্যক্ষেত্রে) এর ফটোকপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি;

(৮) Online/অনলাইন-এ পূরণকৃত আবেদন পত্রের কপি (Applicant's Copy);

খ। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১৫. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলাপ্রশাসকের কার্যালয়, www.rangamati.gov.bd এর ওয়েবসাইটে অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

১৬. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে alljobs.quary@teletalk.com.bd বা dcrangamati@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: DCRANGAMATI, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

******* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে **Online** এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

জেলাপ্রশাসক
রাঙ্গামাটি পার্বত্য জেলা এর
ওয়েবসাইটে প্রবেশ
এর QR Code

জেলাপ্রশাসক
রাঙ্গামাটি পার্বত্য জেলা এর
টেলিটক পোর্টালের
QR Code

৩০.১০.২৪
(মোহাম্মদ মোশারফ হোসেন খান )
জেলাপ্রশাসক
রাঙ্গামাটি পার্বত্য জেলা
ফোন: ০২৩৩৩৩৭১৬৩২, ফ্যাক্স: ০২৩৩৩৩৭১৬০৬
E-mail:dcrangamati@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.৮৪০০.২০২.০৩.০০২.২৪- ৪৫২

তারিখ: ১৪ কার্তিক ১৪৩১ / ৩০ অক্টোবর ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

০১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম ও সভাপতি, বিভাগীয় নির্বাচনী বোর্ড, চট্টগ্রাম
০৩. জেলাপ্রশাসক..............................(সকল)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, প্রধান কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা
০২. চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, প্রধান কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা
০৩. চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা
০৪. পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা
০৫. সিভিল সার্জন, রাঙ্গামাটি পার্বত্য জেলা
০৬. প্রশাসক, রাঙ্গামাটি পৌরসভা/বাঘাইছড়ি পৌরসভা, রাঙ্গামাটি পার্বত্য জেলা
০৭. জেলা........................................................ অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা
০৮. প্রশাসক, রাঙ্গামাটি সদর/কাউখালী/কাপ্তাই/রাজস্থলী/বিলাইছড়ি/বরকল/লংগদু/নানিয়ারচর/জুরাছড়ি/বাঘাইছড়ি উপজেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা

০৯. উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গামাটি সদর/কাউখালী/কাপ্তাই/রাজস্থলী/বিলাইছড়ি/বরকল/লংগদু/নানিয়ারচর/ জুরাছড়ি/বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা

১০. সহকারী কমিশনার (ভূমি), রাঙ্গামাটি সদর/কাউখালী/কাপ্তাই/লংগদু/বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা

১১. সহকারী কমিশনার, আইসিটি শাখা, এ অফিস ( বিজ্ঞপ্তিটি ওয়েবপোর্টালে প্রচারের জন্য)

১২. জেনারেল ম্যানেজার, মার্কেটিং এন্ড ভাস শাখা, টেলিটক বাংলাদেশ লিমিটেড, ঢাকা

১৩. সভাপতি, প্রেস ক্লাব, রাঙ্গামাটি রিপোর্টার্স ইউনিট, রাঙ্গামাটি

১৪. বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যুগান্তর / দৈনিক রাঙ্গামাটি, রাঙ্গামাটি পার্বত্য জেলা ( পত্রিকার ভিতরের পাতায় সিঙ্গেল স্পেসে স্বল্প পরিসরে ০১ (এক) দিনের জন্য আগামী .............................. তারিখের মধ্যে প্রকাশ করে প্রকাশিত পত্রিকার ০৫(পাঁচ) কপি এবং বিজ্ঞপ্তি প্রকাশের বিল নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১৫. অফিস কপি

৩০.১০.২৪

জেলাপ্রশাসক
রাঙ্গামাটি পার্বত্য জেলা